

উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নের ছক

ক্রমিক নম্বর	প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম)	বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবী)	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে)	পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপেরমানদণ্ড)
০১	JB PIN Cash System	০১/০৭/২০১৭ হতে ৩০/০৬/২০১৮	মোঃ শহীদুল ইসলাম, উপ-মহাব্যবস্থাপক, আইসিটিডি-সিস্টেম	<p>১. Un Banked People অথবা যারা জনতা ব্যাংকের গ্রাহক নয় তাদেরকে সার্ভিস প্রদান করা যাবে।</p> <p>২. জনতা ব্যাংকে যাদের হিসাব নেই অথবা প্রাপককে চেক দেওয়া সম্ভব হচ্ছে না তাদেরকে টাকা প্রদান করা যাবে।</p> <p>৩. জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে PIN Code এর মাধ্যমে টাকা গ্রহণ করা যাবে।</p> <p>৪. জনতা ব্যাংকের নতুন একটি Delivery Channel উন্মুক্ত হবে।</p> <p>৫. গ্রাহক সেবার মান উন্নত হবে।</p> <p>৬. উক্ত সিস্টেমের মাধ্যমে কা র্যক্রম শুরু হলে সমাজসেবা অধিদপ্তর/সমাজকল্যাণ মন্ত্রণালয়সহ অন্যান্য সংস্থার নিম্নোক্ত ভাতাসমূহ সহজেই প্রদান করা সম্ভব হবেঃ</p> <p>ক) বয়স্ক ভাতা খ) বিধবা ভাতা গ) প্রতিবন্ধী ভাতা ও ঘ) বিভিন্ন ধরনের বৃত্তি</p>	<p>১. গ্রাহক দ্রুত অর্থ প্রেরণ করতে পারে।</p> <p>২. গ্রাহক হয়রানি কমেছে।</p> <p>৩. গ্রাহকের সময় ও খরচ সাশ্রয় হয়েছে।</p> <p>৪. হিসাববিহীন এবং হিসাবধারী সুবিধাভোগী টাকা পাচ্ছে।</p>

ক্রমিক নম্বর	প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম)	বাস্তবায়নকাল (শুরু ও সমাপ্তির তারিখ)	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (যে কর্মকর্তার নেতৃত্বে সম্পাদিত হবে তাঁর নাম ও পদবী)	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত কি পরিবর্তন আসবে)	পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না, তা পরিমাপের মানদণ্ড)
০২	ই-ট্রেনিং কোর্স	০১/০৭/২০১৭ হতে ৩০/০৬/২০১৮	১. জনাব মোঃ ময়েজুল ইসলাম অনুষদ সদস্য (এসপিও) জনতা ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা।	<p>১. প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ প্রতিষ্ঠানে না এসেই একটি নির্দিষ্ট ওয়েব-প্ল্যাটফর্মের মাধ্যমে ই-রেজিস্ট্রেশন করে নিজ কর্মস্থল বা বাসস্থান থেকেই প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন। ফলে প্রশিক্ষণস্থলে যাতায়াত ও থাকা-খাওয়াজনিত সমস্যা থেকে অব্যাহতি পাওয়া যাবে।</p> <p>২. প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সাধারণতঃ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণের সংখ্যা ক্লাশরুমের আয়তন অনুসারে সুনির্দিষ্ট থাকে। কিন্তু ই-ট্রেনিং ব্যবস্থায় প্রচুরসংখ্যক আগ্রহী প্রশিক্ষণার্থী একই কোর্সে দূর-দূরান্ত থেকে অংশগ্রহণ করতে পারবেন।</p> <p>৩. প্রশিক্ষণার্থীগণ নির্দিষ্ট ওয়েব-প্ল্যাটফর্মের মাধ্যমে প্রশিক্ষণ-সংশ্লিষ্ট সেশনের উপর তৈরীকৃত অডিও-ভিডিও টিউটোরিয়াল, স্টাডি ম্যাটেরিয়াল বা পাওয়ার-পয়েন্ট প্রেজেন্টেশান ডাউনলোড করে সেসব বিষয় নিজস্ব যে কোন সুবিধাজনক সময়ে আয়ত্ত করতে পারবেন।</p> <p>৪. প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ-সংক্রান্ত সাধারণ ব্যয়সমূহ যথা প্রশিক্ষণার্থীগণের থাকা-খাওয়ার খরচ, স্টেশনারী ব্যয়, বিদ্যুত ব্যয় ইত্যাদি হাস পাবে।</p> <p>৫. প্রশিক্ষণার্থীগণ একটি নির্ধারিত তারিখে একটি নির্দিষ্ট সময়ে কোর্সের বিষয়বস্তুর উপর আয়োজিত অনলাইন এমসিকিউ পরীক্ষায় (একই ওয়েব-প্ল্যাটফর্ম ব্যবহার করে) অংশগ্রহণ করবেন। অনলাইন পরীক্ষায় অংশগ্রহণের নতুন অভিজ্ঞতা প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণ-বিষয় আয়ত্ত করার বিষয়ে অধিকতর আগ্রহী করে তুলবে।</p> <p>৬. অনলাইন পরীক্ষায় অংশগ্রহণ করে পরীক্ষা পাশের জন্য নির্ধারিত ন্যূনতম গ্রেড/নম্বর অর্জন করতে পারলেই প্রশিক্ষণার্থীর নামে সাফল্যজনকভাবে প্রশিক্ষণ সমাপনের সনদপত্র অটো-জেনারেটেড হবে এবং প্রশিক্ষণার্থীগণ তা ডাউনলোড করতে পারবেন। তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ, সাফল্য অর্জন এবং পরবর্তীতে কোর্স সমাপনের সনদ নিজে নিজেই ডাউনলোড করতে পারার নতুন অভিজ্ঞতা ও আনন্দ প্রশিক্ষণার্থীগণকে এ জাতীয় প্রশিক্ষণে অংশগ্রহণে আগ্রহী করে তুলবে।</p>	<p>১. ই-ট্রেনিং কোর্স ব্যবস্থায় অল্প সময়ে অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীর অংশগ্রহণ নিশ্চিত হয়েছে কী না, তা যাচাই করা।</p> <p>২. প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থীগণের যাতায়াত-সংক্রান্ত ব্যয়সমূহ হাস পাওয়ার বিষয়টি যাচাই করা।</p> <p>৩. প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ-সংক্রান্ত সাধারণ ব্যয়সমূহ হাস পাওয়ার বিষয়টি যাচাই করা।</p>